


স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১০৮.২৩.০৩৭.২০.৫৯

তারিখ: ১০ জানুয়ারি ২০২২ খ্রি:

বিষয়: মুজিববর্ষের সময়কাল এবং 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় কমিটি' ও জাতীয় বাস্তবায়ন কমিটি'র মেয়াদ বর্ধিতকরণের ঘোষণা সংক্রান্ত প্রজ্ঞাপন পৃষ্ঠাংকন।

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত ০৪ জানুয়ারি ২০২২ তারিখের মুজিববর্ষের সময়কাল এবং 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় কমিটি' ও জাতীয় বাস্তবায়ন কমিটি'র মেয়াদ ৩১ শে মার্চ ২০২২ পর্যন্ত বর্ধিতকরণের ঘোষণা সংক্রান্ত প্রজ্ঞাপনটি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা।

  
(ইন্দ্রানী রায়)  
সহকারী পরিচালক (প্রশাসন)  
ফোন: ৮১৮৯৪১০

ই-মেইল: ad-admin@dncrp.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(কার্যক্রম ও গবেষণাগার), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক (সকল), বিভাগীয় কার্যালয়/প্রধান কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর,-----।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সহকারী পরিচালক (সকল), প্রধান কার্যালয়/ বিভাগীয় কার্যালয়/ জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর,-----।
- ৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মন্ত্রিপরিচালকের দপ্তর	
<input checked="" type="checkbox"/> পরিচালক (প্রশ্ন)	<input type="checkbox"/> সচিব বাহাদুর সিনি
<input type="checkbox"/> পরিচালক (সহ)	<input type="checkbox"/> উপসচিব সজন
<input type="checkbox"/> উপপরিচালক (প্রশ্ন)	<input type="checkbox"/> উপসচিব সিনি
<input type="checkbox"/> উপপরিচালক (সহ)	<input type="checkbox"/> উপসচিব সজন
<input type="checkbox"/> উপপরিচালক (প্রশ্নাধিকার)	<input type="checkbox"/> উপসচিব সজন
নম্বর: ২২২	তারিখ: ২/২/২২

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"



বাংলাদেশ

গেজেট

*Handwritten signature*

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৫, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২০ পৌষ ১৪২৮/০৪ জানুয়ারি ২০২২

নম্বর ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৮.২০.০৬।—স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে সরকার ১৭ই মার্চ ২০২০ থেকে ২৬শে মার্চ ২০২১ সময়কে মুজিববর্ষ হিসেবে ঘোষণা করে। মুজিববর্ষ উদ্‌যাপনের লক্ষ্যে গৃহীত কর্মসূচি কোভিড-১৯ বৈশ্বিক মহামারির কারণে নির্ধারিত সময়ে যথাযথভাবে সম্পন্ন করা সম্ভব না হওয়ায় মুজিববর্ষের সময়কাল ১৬ই ডিসেম্বর ২০২১ পর্যন্ত বর্ধিত করা হয়েছিল। এক্ষেত্রে টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিসৌধে শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠান ও লোকজ মেলা আয়োজন, অনলাইন কুইজের পুরস্কার বিতরণ, বিভিন্ন প্রকাশনা মুদ্রণের কাজ সম্পন্ন, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ের দাপ্তরিক কার্যাদি সম্পন্ন, নথিপত্র, অফিস সরঞ্জামাদি, প্রকাশনাসমূহ সরকার নির্ধারিত কর্তৃপক্ষের নিকট হস্তান্তর, আর্থিক বিষয়াদি নিষ্পন্ন করা, ব্যাংক হিসাব বন্ধ করা, অডিট সম্পাদন ইত্যাদি কাজ সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে সরকার মুজিববর্ষের সময়কাল এবং 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটি' ও 'জাতীয় বাস্তবায়ন কমিটি'র মেয়াদ ৩১শে মার্চ ২০২২ পর্যন্ত বর্ধিত ঘোষণা করল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম  
মন্ত্রিপরিষদ সচিব

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ১৩১ )

মূল্য : টাকা ৪.০০